

## নৈতিকতা কমিটির মাসিক সভার প্রতিবেদন

বিষয়	: “শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২১ এর সংশোধনী এবং শুদ্ধাচার পুরস্কার নীতিমালায় পরিবর্তন সম্পর্কে অবহিতকরণ সংক্রান্ত”
সময়	: সকাল ১০:৩০ থেকে ১১:৩০ ঘটিকা পর্যন্ত
তারিখ	: ১৮/০২/২০২১ খ্রিঃ
সভাপতি	: সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট

উপস্থিতির তালিকা ‘ক’ তে সংযুক্ত করা হলোঃ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে এর কাযক্রম সম্পর্কে আলোকপাত করেন এবং কেন্দ্রীয় দপ্তরের ১৮/০২/২০২১ ইং তারিখের নৈতিকতা সভার কতিপয় সিদ্ধান্ত সম্পর্কে সভাকে জানান। তিনি উল্লেখ করেন যে, শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৯নং আইটেম: শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক অন্যান্য কার্যক্রম এর ৫টি সাব-এক্টিভিটি আঞ্চলিক অফিস সমূহের কার্যক্রমের সাথে সামঞ্জস্য রেখে পরিবর্তন করা হয়েছে যা নিম্নরূপ:

৯.১ কী-স্টেকহোল্ডার কর্তৃক সিলেট বিভাগীয় শহরের মাষ্টার প্ল্যান বাস্তবায়ন এর ডাটা সংগ্রহকরণ।

৯.২ অনাপত্তি ছাড়পত্র প্রদানের ক্ষেত্রে সাইট ভিজিটের এক সপ্তাহের মধ্যে পরিদর্শন প্রতিবেদন জমাদান।


৯.৩ সেবা সপ্তাহ পালন।

৯.৪ কর্মচারীদের সুশীল আচরণ করতে উদ্বুদ্ধ করা এবং

৯.৫ সরকারী ক্রয়ে স্বচ্ছতা নিশ্চিত করতে চাহিদা নিরূপণ, বাজার দর যাচাই ও প্রমাণক সংগ্রহের জন্য আভ্যন্তরীণ কমিটি গঠন ও কার্যকর করা।

তিনি আরো জানান যে, ২০২০-২১ অর্থবৎসর হতে আঞ্চলিক অফিসে সংযুক্ত কর্মকর্তা-কর্মচারীরা তাদের আঞ্চলিক অফিসে কর্মকাল ০৬ (ছয়) মাসের অধিক হলে উক্ত বৎসরের শুদ্ধাচার পুরস্কারের মনোনয়নের জন্য যোগ্য হবেন যা পূর্ববর্তী বৎসর গুলোতে ছিল না। সভাপতি এই পরিবর্তনে আঞ্চলিক অফিসের কাজে গতিশীলতা আসবে বলে মত দেন। সকলে এ বিষয়ে একমত হন।

পরিশেষে সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
18/02/2021

(শাহীন আহম্মেদ)

সিনিয়র প্ল্যানার

নগর উন্নয়ন অধিদপ্তর

সিলেট আঞ্চলিক অফিস, সিলেট

ফোনঃ ০৮২১-৭২৯০৮৯

## ১৮/০২/২০২১ তারিখে নৈতিকতা কমিটির মাসিক সভায় উপস্থিতির তালিকা

ক্র: নং:	কর্মকর্তা/কর্মচারীর নাম	পদবী	স্বাক্ষর ও তারিখ
১	জনাব শাহীন আহম্মেদ	সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি	<i>Shahin Ahmed</i> ১৪/০২/২০২১
২	জনাব বাদশা মিয়া	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	<i>০.৮ দুটি</i>
৩	জনাব মো: নুরুজ্জামান ভূইয়া	রেখাকার ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি	<i>নুরুজ্জামান</i> ২৬/০২/২০২০
৪	জনাব মো: বুবেল হোসেন	সার্ভেয়ার	<i>বুবেল হোসেন</i> ২৬/০২/২০২০
৫	জনাব আমির হামজা	খালাসী	<i>আমির</i>